

২০১৯

বাংলা — সাম্মানিক

দ্বিতীয় সেমেস্টার

পত্র : CC-4

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) চর্যাপদ-১ ('কাআ তরুবর পঞ্চ বি ডাল।') পদটির মর্মার্থ এবং কাব্যসৌন্দর্য বিচার করো। ১০
অথবা
(খ) 'দেশ দেখাচ্ছ অক্ষকারে'— এটি স্বদেশানুরাগের কবিতা।— আলোচনা করো। ১০
- ২। (ক) বিস্ময়বোধ এবং সৌন্দর্যরসবোধের সমন্বয়ে সৃষ্ট 'কপালকুণ্ডলা' চরিত্রের শিল্পসার্থকতা বিচার করো। ১০
অথবা
(খ) 'অভাগীর স্বর্গ' গল্পটির করুণ পরিণতির পিছনে যে সমাজসত্য রয়েছে তা উন্মোচন করো। ১০
- ৩। (ক) "ভদ্র অপেক্ষা ভদ্রেতর চরিত্র চিত্রণেই দীনবন্ধু অধিকতর দক্ষতা দেখিয়েছেন"— অভিমতটি বিচার করো। ১০
অথবা
(খ) 'বইপড়া' প্রবন্ধে প্রমথ চৌধুরী বই পড়ার সপক্ষে যে যুক্তি দিয়েছেন তা তোমার নিজের ভাষায় লেখো। ১০
- ৪। (ক) "সব লোকে কয়, লালন কি জাত সংসারে।"— কবিতাটি কালোত্তীর্ণ হওয়ার কারণ বিশ্লেষণ করো। ৫
অথবা
(খ) "অবনী বাড়ি আছে?" কবিতায় কবির আহ্বান কার প্রতি এবং কেন তা লেখো। ৫
- ৫। (ক) "তুমি অধম— তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?" — উৎস নির্দেশ করে উক্তিটির তাৎপর্য লেখো। ৫
অথবা
(খ) "অন্দরের মধ্যে হট্টগোল শুনিয়া রায় বাহাদুর বুঝিলেন যুদ্ধ অনিবার্য।"— কার সঙ্গে যুদ্ধ? যুদ্ধের অনিবার্যতার কারণ নির্দেশ করো। ১+৪

৬। (ক) 'নীলদর্পণ' কী ধরনের নাটক? — উত্তরের সপক্ষে যুক্তিগুলি সূত্রাকারে লেখো।

৫

অথবা

(খ) "সুন্দর-অসুন্দর সম্বন্ধে শেষ কথা যদি কেউ বলতে পারে তো আমাদের নিজের-নিজের মন।" — 'সৌন্দর্যের সম্বন্ধ' প্রবন্ধে অবলম্বনে এই উক্তির সারবত্তা সংক্ষেপে নিরূপণ করো।

৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও।

৫×১

(ক) "হেথা নয়, অন্য কোথা, অন্য কোথা, অন্য কোন্‌খানে" — অংশটির তাৎপর্য আলোচনা করো।

(খ) "প্রদীপ নিবিয়া গেল।" — উক্তিটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) "বাজে কথাতেই মানুষ আপনাকে ধরা দেয়।" — অংশটি বুঝিয়ে লেখো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) "সই কেবা শুনাইল শ্যাম নাম" — এটি কোন্‌ পর্যায়ের পদের অংশ?

(খ) "পর-ধন-লোভে মত্ত", — 'পর-ধন' কী?

(গ) 'কাণ্ডারী ছশিয়ার' — কবিতাটি কবির কোন্‌ মূল কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঘ) "পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন;" — এটি কোন্‌ কবিতার অংশ?

(ঙ) "আমার সম্মতি স্বপ্নে থাক।" — উক্তিটি 'বাবরের প্রার্থনা' কবিতায় কতবার ব্যবহৃত হয়েছে?

(চ) "পথিক, তুমি পথ হারাইয়াছ?" — কার উদ্দেশ্যে, কার উক্তি?

১/২+১/২

(ছ) 'সাগর সঙ্গম' বলতে কী বোঝায়?

(জ) "সেই কেবল কাঁদিল না।" — সে কে?

(ঝ) লক্ষণ-এর লেখক পরশুরাম-এর প্রকৃত নাম কী?

(ঞ) "—আমিও ভুলুম না ভাই—" — কার রচিত, কোন্‌ গল্পের অংশ?

(ট) 'নীলদর্পণ' নাটকে কোন্‌ গ্রামে নীলচাষের বিরোধিতার আওয়াজ ওঠে?

(ঠ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'বাজেকথা' প্রবন্ধটি কবে লেখা হয়েছিল?

(ড) "মুই নেমোখ্যারামি কত্তি পারবো না" — উক্তিটি কার?

(ঢ) "তখনও আষাঢ়ের প্রথম দিন যথা নিয়মে আসিত।" — উক্তিটির দ্বারা কোন্‌ কবির, কোন্‌ কাব্য স্মরণে আসে?

১/২+১/২

(ণ) "পুরুষের তা বুঝবার ক্ষমতা নাই।" পুরুষের কী বুঝবার ক্ষমতা নেই?